

🔳 আল-ফুরকান | Al-Furgan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫:৬০

া আরবি মূল আয়াত:

وَ إِذَا قِيلَ لَهُمُ اسجُدُوا لِلرَّحمٰنِ قَالُوا وَ مَا الرَّحمٰنُ * أَنَسجُدُ لِمَا تَامُرُنَا وَ زَادَهُم نُفُورًا ﴿ ٢٠٠﴾ (سُجود)

আর যখন তাদেরকে বলা হয়, তোমরা 'রহমান' কে সিজদা কর, তখন তারা বলে, রহমান কী আবার? তুমি আমাদেরকে আদেশ করলেই কি আমরা সিজদা করব? আর এটা তাদের পলায়নপরতাই বৃদ্ধি করে। [সাজদাহ] 🗈 — আল-বায়ান

তাদেরকে যখন বলা হয় 'রহমান'-এর উদ্দেশে সাজদায় অবনত হও, তারা বলে- 'রহমান আবার কী? আমাদেরকে তুমি যাকেই সেজদা করতে বলবে আমরা তাকেই সেজদা করব নাকি?' এতে তাদের অবাধ্যতাই বেড়ে যায়। [সাজদাহ] 🗈 — তাইসিক্ল

যখন তাদেরকে বল হয়ঃ সাজদাহবনত হও 'রাহমান' এর প্রতি তখন তারা বলেঃ রাহমান আবার কে? তুমি কেহকে সাজদাহ করতে বললেই কি আমরা তাকে সাজদাহ করব? এতে তাদের বিমুখতাই বৃদ্ধি পায়। [সাজদাহ]

① — মুজিবুর রহমান

And when it is said to them, "Prostrate to the Most Merciful," they say, "And what is the Most Merciful? Should we prostrate to that which you order us?" And it increases them in aversion. — Sahih International

৬০. আর যখন তাদেরকে বলা হয়, সিজদাবনত হও রাহমান এর প্রতি, তখন তারা বলে রাহমান আবার কি?(১) তুমি কাউকে সিজদা করতে বললেই কি আমরা তাকে সিজদা করব? আর এতে তাদের পলায়নপরতাই বৃদ্ধি পায়। [সাজদাহ] 🗈

(১) মক্কার কাফেররা এ নামটি যে জানত না তা নয়। তারা এ নামটি জানত। তবে আল্লাহর জন্য নির্দিষ্ট করতে দিধা করত। তারা এ নামটিকে কোন কোন মানুষকেও প্রদান করত। অথচ এ নামটি এমন এক নাম যা শুধুমাত্র মহান রাব্বুল আলমীনের জন্যই নির্দিষ্ট। কোন ক্রমেই অন্য কারো জন্য এ নামটিকে নাম হিসেবে বা গুণ হিসেবে ব্যবহার করা জায়েয নেই। কিন্তু তারা হঠকারিতাবশতঃ প্রশ্ন করল যে, রহমান কে এবং কি? হুদায়বিয়ার সন্ধির দিনও তারা এমনটি অস্বীকার করে বলেছিলঃ "আমরা রহমান বা রহীম কি জিনিস তা জানিনা; বরং যেভাবে তুমি আগে লিখতে, সেভাবে 'বিসমিকা আল্লাহুম্মা' লিখা।" [মুসলিমঃ ১৭৮৪] সূরা আল-ইসরার ১১০ নং আয়াতেও



আল্লাহ তা'আলা কাফেরদেরকে উদ্দেশ্য করে তার এ নামের তাৎপর্য বর্ণনা করে বলেছেন যে, "আল্লাহকে ডাক বা রহমানকে ডাক, যেভাবেই ডাক এগুলো তার সুন্দর নামসমূহের অন্তর্গত"।

তাফসীরে জাকারিয়া

(৬০) যখন ওদেরকে বলা হয়, 'পরম দয়াময়ের প্রতি তোমরা সিজদাবনত হও।' তখন ওরা বলে, 'পরম দয়াময় আবার কে? তুমি কাউকেও সিজদা করতে বললেই কি আমরা তাকে সিজদা করব?' আর এতে ওদের বিমুখতাই বৃদ্ধি পায়। [1] [সাজদাহ] 🗈

وحيم (রাহমান ও রাহীম) আল্লাহর সুন্দর গুণ ও নামাবলীর মধ্যে দু'টি গুণবাচক নাম। কিন্তু জাহেলী যুগের লোকেরা আল্লাহকে উক্ত নামে চিনত না। যেমন হুদাইবিয়ার সন্ধিপত্র লেখার সময় শুরুতে بيسم الله হলে মক্কার মুশরিকরা বলেছিল, আমরা রাহমান ও রাহীমকে জানি না। الرحمن الرحيا (সীরাতে ইবনে হিশাম ২/৩১৭) আরো দেখুন সূরা বানী ইস্রাঈল ১১০ এবং সূরা রা'দ ৩০নং আয়াত; এখানেও কাফেরদের 'রাহমান' নাম শুনে চমকে যাওয়া ও সিজদা করতে অস্বীকার করার কথা বর্ণিত হয়েছে। (এই আয়াত পাঠ করার পর সিজদা করা মুস্তাহাব। সিজদার আহকাম জানতে সূরা আ'রাফের শেষ আয়াতের টীকা দেখুন। - সম্পাদক)

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2915

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন